

গতকাল 28 ই এপ্রিল রোজ মঙ্গলবার সরকার কর্তৃক ঘোষিত নতুন পদক্ষেপগুলো সংক্ষিপ্তকারে নিম্নরূপ :

সর্বোতভাবে

- এসএমএস পদ্ধতি বাতিল করা হয়েছে এবং এখন থেকে স্বাধীন ভাবে চলাফেরা করা যাবে।
- 18ই মে থেকে এক জেলা হতে অন্য জেলায় যাতায়াত করা যাবে।
- গীর্জাগুলো 4ই মে ব্যক্তিগত প্রার্থনার জন্য খোলা হবে এবং 17ই মে থেকে সর্বজনীন ধর্মবিশ্বাসীদের জন্য খোলা হবে তবে অবশ্যই সুরক্ষা ব্যবস্থা মেনে চলতে হবে।
- সংগঠিত ও ব্যবস্থাকৃত সমুদ্র সৈকতগুলো বন্ধ থাকবে।
- বিশেষ কারণে ছুটিতে থাকার ব্যবস্থা অব্যাহত থাকবে যা স্কুল খোলার উপর নির্ভর করবে। উচ্চ ঝুঁকিতে আছে এমন জনগোষ্ঠীর জন্যও বিশেষ ছুটি বা অনুপস্থিতির ব্যবস্থা রয়েছে।

বিস্তারিত :

1) ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ব্যবস্থা

- গণ পরিবহণ, দোকান, হাসপাতাল, সেলুন, বিউটি পার্লার ও ডায়াগনিস্টিক সেন্টার ইত্যাদির মত সমস্ত আবদ্ধস্থানে **মাস্ক ব্যবহার বাধ্যতামূলক**। এই নিয়ম মেনে চলতে ব্যর্থ হলে 150 ইউরো জরিমানা করা হবে।

2) গণ পরিবহণ

- গণপরিবহণে কর্মরতদের এবং যাত্রীদের অবগতির জন্য সকলের প্রতিরক্ষামূলক **মাস্ক ব্যবহার বাধ্যতামূলক**। প্রয়োজনীয় শারীরিক দূরত্ব বজায় রাখার জন্য ও যানবাহনের চলাচলের সময়সূচী নিয়মিত হওয়ার লক্ষ্যে স্টেশনগুলোর প্রবেশপথ নিয়ন্ত্রন করা হবে।

আরও বিশদভাবে :

- মূল লক্ষ্য, গণপরিবহণের জন্য যাত্রীদের অপেক্ষার সময় হ্রাস করা।

- অফিস টাইমে যানবাহনের ভীড় ব্যতীরেখে বাকি সময়ে যেমন- সকাল 10 টা থেকে দুপুর 2 টা এবং বিকাল 6 টা থেকে মধ্যরাত পর্যন্ত যানবাহনের পরিমাণ হ্রাস করা হবে।

- ট্যাক্সীগুলোর ক্ষেত্রে চালক এবং একজন যাত্রী বিধিটি এখনও প্রযোজ্য। তবে মাতা-পিতার সাথে অপ্রাপ্তবয়স্ক সন্তান বা চিকিৎসাজনিত কারণে কোন ব্যক্তির সাথে যাতায়াতের মত ব্যতিক্রমগুলো অব্যাহত থাকবে।

3) ব্যবসা প্রতিষ্ঠান

- 4 ঠা মে থেকে খুচরা ব্যবসা প্রতিষ্ঠান উন্মুক্ত হবে যেমন (অপটিক্যাল বুক স্টোর, স্পোর্টস সরঞ্জাম, উদ্ভিদ বিক্রয় এবং আঞ্চলিক কাঁচা বাজার ও কৃষি উৎপাদন ব্যবস্থাপনার ক্ষেত্রে আঞ্চলিক স্থানান্তর করা যাবে) এছাড়া সেবা প্রদান ব্যবস্থা (সেলুন, বিউটিশপ ইত্যাদি) খোলা থাকবে।

- 11 ই মে রোজ সোমবার থেকে শপিং মল ছাড়া বাকি সব ধরনের দোকানপাট খোলা থাকবে।

- 1 লা জুন থেকে শপিং মল, রেস্টোঁরা ও কফি শপের বাহিরে বসার স্থান উন্মুক্ত হবে তবে প্রতি 2 মিটার অন্তর অন্তর প্রতি টেবিলে সর্বোচ্চ 4 জন করে বসতে পারবেন।

- দূরত্ব বিধি অব্যাহত রেখে ধীরে ধীরে শিশু পার্ক, থিম পার্ক ও আউটডোর খেলার মাঠগুলোও আবার উন্মুক্ত করা হবে।

- সর্বশেষ পর্যায়ে রেস্টোঁরা ও কফিশপের অভ্যন্তরীণ বসার স্থান, বিনোদনমূলক প্রতিষ্ঠান, অবকাশের স্থান ও ক্রীড়া ব্যবস্থাপনা খোলা হবে।

ব্যবসায়িক প্রতিষ্ঠানের সময় নিয়ন্ত্রণ বিষয়ে, প্রতিষ্ঠান শুরু সময় সকাল 10.00 টায় উন্নীত করা হয়েছে এবং প্রত্যেক ব্যক্তিকে 2 মিটার দূরত্ব বজায় রাখতে হবে। তাছাড়া দোকানে ক্রেতা ও বিক্রেতা উভয়কেই মাস্ক ব্যবহার করতে হবে। প্রতিষ্ঠানের লিফট ব্যবহার করা যাবে না। বিশেষ ক্ষেত্রে লিফটের 40 শতাংশ ব্যবহার করা যেতে পারে তবে যদি চলন্ত সিঁড়ির ব্যবস্থা থাকে তাহলে লিফট ব্যবহার করা যাবে না।

সেলুন ও বিউটি শপে প্রতিটি আসনের মধ্যকার দূরত্ব 2 মিটার রাখতে হবে। শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে গ্রাহকদের সেবা প্রদান করতে হবে।

বিউটিশপে কর্মরতদের সবাইকে মাস্ক ও ডিস্পাজেবল গ্লাভস ব্যবহার বাধ্যতামূলক। পরিচালনার সময়কাল প্রতিদিন 7.00-22.00 এবং শনিবার 7.00-21.00

4) স্কুল

-11ই মে থেকে শুধুমাত্র গামা লিকিয়ো শিক্ষার্থীদের জন্য স্কুল খোলা থাকবে এবং 18ই মে থেকে অন্যান্য শ্রেণীর লিকিয়ো ও গিমনাসিয়ো শিক্ষার্থীদের জন্য স্কুল খোলা হবে।

- যদি সার্বিক পরিস্থিতি ভালো থাকে তবে 1লা জুন থেকে প্রাথমিক স্কুল ও নার্সারী স্কুলগুলো খোলা হবে। শিশুস্কুল বন্ধ থাকবে।

-ক্রীড়া ক্ষেত্র ও আউটডোর স্ট্যাডিয়াম গুলো স্বাস্থ্যবিধি মেনে ক্রীড়াবিদদের গ্রহণ করতে পারবে তবে ইনডোর জিমগুলো বন্ধ থাকবে। যতদিন পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়গুলো বন্ধ থাকবে ততোদিন শিশুদের জন্য বিনোদন কেন্দ্রগুলোও বন্ধ থাকবে।